

**কল্যাণ ট্রাস্ট থেকে
শিক্ষক-সুবিধা
লোপে ক্ষোভ**

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ কল্যাণ ট্রাস্ট থেকে বেসরকারী স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের প্রাপ্য সুবিধা বিলুপ্ত করায় এবং অধ্যক্ষ কাজী ফারুক আহমেদকে অপসারণের অপচেষ্টার বিরুদ্ধে তীব্র (২-পৃষ্ঠা ২-এর ৩য় পৃষ্ঠা)

কল্যাণ ট্রাস্ট থেকে
(প্রথম পাতার পর) ক্ষোভ

ও নিন্দা জানিয়েছে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি ও বাংলাদেশ শিক্ষক সমিতি। গুরুত্বপূর্ণ সমিতির যৌথসভায় এই ক্ষোভ ও নিন্দা জানানো হয়। তেজগাঁও কমিউনিটি সেন্টার আদর্শ উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ। বক্তৃতা করেন অধ্যাপক আমাদুল হক, মোহাম্মদ আজিজুল ইসলাম, অধ্যক্ষ সাইদুর রহমান, অধ্যাপক আতিয়ার রহমান প্রমুখ।

সভায় শিক্ষকদের ৩০% অর্ধাধা-ভাতা, ঈদের আগে উৎসব ভাতা, সরকার প্রতিশ্রুত ১০% বেতন হ্রাস ও পদোন্নতির দাবি জানানো হয়। এ ছাড়া অধ্যক্ষ কাজী ফারুক আহমেদকে অপসারণের জন্য প্রদত্ত পত্র অবিলম্বে প্রত্যাহারের দাবি জানানো হয়। সভায় কল্যাণ ট্রাস্টের অসহানি করে এককাসীন সুবিধা বিলুপ্ত করায় তীব্র ক্ষোভ ও নিন্দা জানানো হয়।